

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪২৮]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ জাহেলী যুগের মুশরিকদের কবর উপড়ে ফেলে তথায় মসজিদ নির্মাণ করা?

بَابِ هَلْ تُنْبَشُ قُبُورُ مُشْرِكِي الْجَاهِلِيَّةِ وَيُتَّخَذُ مَكَانُهَا مَسَاجِد

### আরবী

□□□ عَنْ أَنَسٍ قَالَ قَدِمَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْمَدينَةَ فَنَزَلَ أَعْلَى الْمَدينَةِ ، فِي حَيِّ يُقَالُ لَهُمْ بَنُو عَمْرِو بْنِ عَوْف فَأَقَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم فِيهِمْ أَرْبَعَ عَشْرَةَ لَيْلَةً ، ثُمَّ أَرْسَلَ إِلَى بَنِى النَّجَّارِ فَجَاءُوا مُتَقَلِّدى السُّيُوف كَأْتِى أَنْظُرُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم عَلَى رَاجِلَتِهِ ، وَأَبُو بَكْرٍ رِدْفَهُ ، وَمَلأَ بَنِى النَّجَّارِ حَوْلَهُ ، حَتَّى أَلْقَى بِفِنَاءِ أَبِي عليه وسلم عَلَى رَاجِلَتِهِ ، وَأَبُو بَكْرٍ رِدْفَهُ ، وَمَلأَ بَنِى النَّجَّارِ حَوْلَهُ ، حَتَّى أَلْقَى بِفِنَاءِ أَبِي عليه وسلم عَلَى رَاجِلَتِهِ ، وَأَبُو بَكْرٍ رِدْفَهُ أَوْرُكَتْهُ الصَّلاَةُ ، وَيُصلِّى فِي مَرَابِضِ الْغَنَمِ ، وَأَنَّهُ أَمْرَ بِينَاءِ الْمَسْجِدِ ، فَأَرْسُلَ إِلَى مَلاٍ مِنْ بَنِى النَّجَّارِ فَقَالَ اللهِ فِي مَرَابِضِ الْغَنَمِ ، وَأَنَّهُ أَمْرَ بِينَاءِ الْمَسْجِدِ ، فَأَرْسُلَ إِلَى مَلاٍ مِنْ بَنِى النَّجَّارِ فَقَالَ أَنَسٌ فَكَانَ فِيهِ مَا أَقُولُ لَكُمْ ، قُبُورُ الْمَسْرِكِينَ فَنُولُ اللَّهِ لاَ نَطْلُبُ ثَمَنَهُ إِلاَّ إِلَى اللَّهِ . فَقَالَ أَنَسٌ فَكَانَ فِيهِ مَا أَقُولُ لَكُمْ ، قُبُورُ الْمُشْرِكِينَ فَنُوسُ مَا اللهُ عليه وسلم بِقُبُورِ وَلِيهِ نَحْرِبٌ وَفِيهِ نَحْلٌ ، فَأَمَرَ النَّيْ صلى الله عليه وسلم بِقُبُورِ الْمُسُودِينَ وَقِيهِ خَرِبٌ وَفِيهِ نَحْلٌ ، فَأَمَرَ النَّيْ صلى الله عليه وسلم بِقُبُورِ الْمُسُرِكِينَ فَلُوسُ اللهُ عَليه وسلم مَعَهُمْ وَهُو يَقُولُ اللهُمَّ لاَ خَيْرَ إِلاَّ خَيْرُ الآخِرُهُ فَاغْفِرْ وَالْمُهُا حِرَهُ وَالْمُهُمْ حِرَهُ

#### বাংলা

২৬৮) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় আগমণ করে মদীনার উঁচু এলাকার একটি গোত্রে অবতরণ করলেন। তাদেরকে বলা হত বনী আমর বিন আওফ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তথায় চোদ্দ দিন অতিবাহিত করলেন। অতঃপর বনী নাজ্জারের লোকদেরকে ডেকে পাঠালেন। তাঁরা গলায় তলোয়ার ঝুলিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আগমণ করলেন। আনাস (রাঃ) বলেনঃ আমার মনে হয় আমি যেন এখনও সেই দৃশ্য দেখতে পাচ্ছি যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া



সাল্লাম বাহনের উপর আরোহী অবস্থায় ছিলেন আর আবু বকর ছিলেন তাঁর পেছনে। বনু নাজ্জারের লোকেরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চতুপ্পার্শ্ব বেষ্টন করে আছেন। অবশেষে তিনি আবু আইয়ুবে আনসারীর বাড়ীর আঙ্গিনায় এসে বাহন থেকে নামলেন। যেখানে নামাযের সময় হত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানেই নামায পড়ে নিতে পছন্দ করতেন। এমনকি ছাগলের খোঁয়াড়েও তিনি নামায পড়ে নিতেন। মদীনা অবতরণ করে তিনি সাহাবীদেরকে মসজিদ নির্মাণের আদেশ দিলেন। তাই তিনি বনী নাজ্জারের নেতৃস্থানীয় লোকদেরকে ডেকে পাঠালেন। তারা উপস্থিত হলে তিনি বললেনঃ হে বনী নাজ্জারের লোকজন! তোমরা আমার নিকট তোমাদের এই বাগানটি মূল্য নির্ধারণ করে বিক্রি করে দাও। তারা বললেনঃ না। আল্লাহর শপথ! আমরা আল্লাহ ছাড়া অন্য কারো নিকট এর মূল্য চাইনা। অর্থাৎ এটি আল্লাহর ওয়াস্তে দান করতে চাই।

আনাস (রাঃ) বলেনঃ ঐ বাগানে যা ছিল তা তোমাদের কাছে বর্ণনা করছি। তাতে ছিল মুশরিকদের কবর, পুরানো কিছু ধ্বংসপ্রাপ্ত বাড়ী-ঘর এবং খেজুর গাছ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুশরিকদের কবরগুলো উপড়ে ফেলার আদেশ দিলে তা উপড়ে ফেলা হল। ধ্বংসপ্রাপ্ত ঘরগুলো সম্পর্কে আদেশ দিলে সেগুলো মাটির সাথে মিশিয়ে দেয়া হল। খেজুর গাছগুলোর ব্যাপারে আদেশ দেয়া হলে তা কেটে ফেলা হল এবং মসজিদের সামনে সারিবদ্ধভাবে সাজিয়ে রাখা হল। দরজার উভয় পার্শ্বে পাথর বসিয়ে দিলেন। অর্থাৎ পাথর দিয়ে দরজার চৌকাঠ তৈরী করা হল। সাহাবীগণ মসজিদ নির্মাণের উদ্দেশ্যে পাথর বহন করার সময় কবিতার শ্লোক আবৃতি করছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের সাথেই ছিলেন। তিনি বলছিলেনঃ

''হে আল্লাহ! আখেরাতের কল্যাণই প্রকৃত কল্যাণ + তুমি আনসার ও মুহাজেরদের ক্ষমা কর"।

## **English**

Is it permissible to dig the graves of pagans of the period of Ignorance, and to use that place as a mosque?

#### Narrated Anas:

When the Prophet (ﷺ) arrived Medina he dismounted at `Awali-i-Medina amongst a tribe called Banu `Amr bin `Auf. He stayed there For fourteen nights. Then he sent for Bani An-Najjar and they came armed with their swords. As if I am looking (just now) as the Prophet (ﷺ) was sitting over his Rahila (Mount) with Abu Bakr riding behind him and all Banu An-Najjar around him till he dismounted at the courtyard of Abu Aiyub's house. The Prophet (ﷺ) loved to pray wherever the time for the prayer was due even at sheep-folds. Later on he ordered that a mosque should be built and sent for some people of Banu-An-Najjar and said, "O Banu An-Najjar! Suggest to me the price of this (walled) piece of land of yours." They replied, "No! By Allah! We do not demand its price except from Allah." Anas added: There were



graves of pagans in it and some of it was unleveled and there were some date-palm trees in it. The Prophet (\*\*) ordered that the graves of the pagans be dug out and the unleveled land be level led and the date-palm trees be cut down . (So all that was done). They aligned these cut date-palm trees towards the Qibla of the mosque (as a wall) and they also built two stone side-walls (of the mosque). His companions brought the stones while reciting some poetic verses. The Prophet (\*\*) was with them and he kept on saying, "There is no goodness except that of the Hereafter, O Allah! So please forgive the Ansars and the emigrants."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন